

মিনুর পথচলা

‘অসমের ছোট্ট মেয়েটির স্বপ্ন ছিল ডাক্তার হবার।’ বলছিলেন মিনু বুধিয়া, ‘কিন্তু বহুজনের আশীর্বাদধন্য হয়ে আজ আমি এইখানে।’ উদ্যোগপতি সঞ্জয়ের নিরন্তর উৎসাহে মানসিক স্বাস্থ্য বিশেষজ্ঞ হিসেবে নিজেকে পরিণত করেছেন। ছোটকন্যা প্রাচী, বাইপোলার ডিসঅর্ডারে আক্রান্ত বিশেষ চাহিদা সম্পন্ন শিশু। প্রাচীই তাঁর সমস্ত সামাজিক সচেতনতামূলক কাজকর্মের একমাত্র উৎস। আত্মজার কথা মনে রেখে তাঁর লেখা হৃদয়স্পর্শী আত্মজীবনী ‘একটি শুয়োপোকাকার মৃত্যু’ যথেষ্ট সাড়া জাগিয়েছে। মনোবিজ্ঞানী, উদ্যোগপতি, লেখক, সুবক্তা - এমন নানা পরিচয়ের পালক তাঁর মুকুটে থাকলেও মিনু বুধিয়ার দীর্ঘ পথচলাটা খুব সহজ ছিল না! এই কঠিন যাত্রাপথের স্মারক

হিসেবে গত ১৬ জুলাই সূচনা হল একটি ওয়েবসাইট, www.minubudhia.com। এই অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন কলকাতার ব্রিটিশ ডেপুটি হাই-কমিশনের উত্তর এবং উত্তর-পূর্ব ভারতের হাই-কমিশনার নিক লো। এতে রয়েছে দু’টি গুরুত্বপূর্ণ দিক। বয়ঃসন্ধির ক্ষেত্রে মানসিক রোগ বিষয়ে প্রথম পর্বে রয়েছে মানসিক স্বাস্থ্য সম্পর্কে সমস্যা, উত্তরণ সম্পর্কে কথোপকথন। নিক লো’র সঙ্গে প্রশ্নোত্তর পর্বে এ বিষয়ে সমৃদ্ধ আলোচনা করেছেন মিনু বুধিয়া। যা অন্যদেরও সঙ্কটে পথ দেখাবে। দ্বিতীয় পর্বে রয়েছে, বড় কন্যা প্রিয়ম বুধিয়ার উদ্যোগে তাদের সমস্ত প্রকল্পের বিস্তারিত বিবরণ এবং মিনু বুধিয়ার অক্লান্ত পরিশ্রমের ইতিহাস।